দৈনিক ইত্তেফাক

তারিখ 23 NOV 1990
পৃষ্ঠা ১ কলাম ১

132

# বহিরাগত অথবা অস্ত্রধারীদের হলে থাকিতে দেওয়া হইবে না

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল (বৃহস্পতিবার) এক সভায় ক্যাম্পাস পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য এবং ক্যাম্পাসে সকলের নিরাপত্তা বিধানের জন্য সংশ্লিষ্ট মহলের সহযোগিতা কামনা করিয়াছে। ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত প্রক্টর এবং হল প্রভোষ্টদের এই সভায় সম্প্রতি ক্যাম্পাসে ২ জন ছাত্রের আহত

(১১শ পৃঃ দ্রঃ)

## হলে থাকিতে দেওয়া

(প্রথম পৃঃ পর)

হওয়ার ঘটনাকে গুরুত্ব দিয়া ক্যাম্পাস পরিস্থিতি পর্যালোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী কোন হলে বহিরাগত বা অস্ত্রধারীকে অবস্থান করিতে দেওয়া হইবে না। বহিরাগত এবং অস্ত্রধারীদের বহিষ্কার বা গ্রেফতারের ব্যাপারে প্রয়োজনে হল প্রভোস্টগণ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাহায্য গ্রহণ করিবেন। সভায় অবিলম্বে সকল হলে প্রস্তাবিত নিরাপত্তা পরিষদ গঠন করার আহ্বান জানান হয়।

এদিকে গত ২ দিনে ছাত্রঐক্যের মিছিলে হামলার ঘটনায় ক্যাম্পাসে প্রতিক্রিয়া দেখা দিয়াছে। গতকাল দুপুরে ডাকসু ভবনে অনুষ্ঠিত ছাত্রঐক্যের কেন্দ্রীয় নেতৃবৃন্দের একসভায় কোন ছাত্র সংগঠনের ছত্রচ্ছায়ায় সন্ত্রাসকারীরা যাহাতে কর্মকাণ্ড পরিচালনা না করিতে পারে তাহার প্রতি নজর দেওয়ার জন্য সকলকে পরামর্শ দেওয়া হয়।